# এমপিওভুক্ত হচ্ছে ১০৮৯ ইবতেদায়ি মাদ্রাসা, আগামী সপ্তাহে প্রজ্ঞাপন

■ ইত্তেফাক রিপোর্ট

অনুদানপ্রাপ্ত ১ হাজার ৮৯টি স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা 'শর্ত সাপেক্ষে' এমপিওভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে অন্তর্বর্তী সরকার। এ সংক্রান্ত ফাইলে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস স্বাক্ষরও করেছেন। তবে শিক্ষা উপদেষ্টা দেশে না থাকায় এ সপ্তাহে প্রজ্ঞাপন জারি করা সম্ভব নয়। আগামী সপ্তাহের শুরুতে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হতে পারে।

গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তারা এ তথ্য নিশ্চিত করেন। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের যুগ্মসচিব (মাদ্রাসা অনুবিভাগ) এস এম মাসুদুল হক বলেন, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্তির ফাইলে সই করা হয়েছে বলে জেনেছি। প্রধান উপদেষ্টার দপ্তর থেকে ফাইল শিক্ষা উপদেষ্টার দপ্তরে যাবে। এরপর তা আমাদের কাছে আসবে। তিনি আরো বলেন, শিক্ষা উপদেষ্টা বর্তমানে দেশের বাইরে রয়েছেন। আগামী ৭ নভেম্বর আসবেন। প্রধান উপদেষ্টার দপ্তর থেকে ফাইল আসার পর আমরা দ্রুত প্রজ্ঞাপন জারি করার চেষ্টা করবো।

জানা গেছে, গত ২৮ জানুয়ারি স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্ত করার ঘোষণা দেয় অন্তর্বর্তী সরকার। এরপর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে এমপিও নীতিমালা প্রকাশ করা হয়। দীর্ঘদিনেও তা বাস্তবায়ন না করায় টানা ২২ দিন ধরে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করছেন ইবতেদায়ি শিক্ষকরা।